

■ সোয়াদ | □□d | ০০০

আয়াতঃ ৩৮: ৯

💵 আরবি মূল আয়াত:

اَم عِندَهُم خَزَآئِنُ رَحمَةِ رَبِّكَ العَزِيزِ الوَهَّابِ ﴿٩﴾

🗚 অনুবাদসমূহ:

তাদের কাছে কি তোমার রবের রহমতের ভান্ডার রয়েছে যিনি মহাপরাক্রমশালী, অসীম দাতা। — আল-বায়ান (রহমতের ভান্ডার আছে আমার কাছে, তাখেকে যাকে যতখানি ইচ্ছে আমি দেই) তাদের কাছে কি তোমার প্রতিপালকের রহমতের ভান্ডার আছে যিনি মহা প্রতাপশালী, অসীম দাতা? — তাইসিরুল তাদের নিকট কি রয়েছে অনুগ্রহের ভান্ডার তোমার রবের, যিনি পরাক্রমশালী, মহান দাতা? — মুজিবুর রহমান Or do they have the depositories of the mercy of your Lord, the Exalted in Might, the Bestower? — Sahih International

৯. নাকি তাদের কাছে আছে আপনার রবের অনুগ্রহের ভাণ্ডার, যিনি পরাক্রমশালী, মহান দাতা?

তাফসীরে জাকারিয়া

- (৯) ওদের নিকট কি তোমার প্রতিপালকের অনুগ্রহের ভান্ডার আছে, যিনি পরাক্রমশালী, মহাদাতা?[1]
 - [1] অতএব তারা যাকে ইচ্ছা দেবে, আর যাকে ইচ্ছা দেবে না, আর সেই ভান্ডারের একটি সম্পদ নবুঅতও? পক্ষান্তরে যদি তা না হয়, বরং প্রভুর অনুগ্রহের ভান্ডারের মালিক সেই মহাদাতা হন; যিনি অতি দানশীল, তাহলে মুহাম্মাদ (সাঃ)-এর নবুঅতকে তারা অস্বীকার করে কেন? যা সেই মহাদাতা প্রভু তাঁর বিশেষ অনুগ্রহে তাঁকে দান করেছেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=3979

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন